1000Rs.

INDIA NON JUDICIAL

१000रु.  Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हज़ार रुपये  ONE THOUSAND RUPEES

ম: ৬০,০০০ , ষাট হাজার টাকা মূল্যের সাফ বিক্রয় কোবালা দলিল:-

*************************************************

কোবালা গ্রহীতা: - ডাক্তার রথীন্দ্র কুমার মিত্র , পিতা শ্রী রমনীমোহন মিত্র , জাতি হিন্দু , পেশা চিকিৎসক , সাকিম এ।১।৮ ডায়মন্ড পার্ক , জোকা , থানা ঠাকুর পুকুর, জেলা দক্ষিণ ২৪ পরগণা ।

*************************************************

কোবালা দাতা : ১। শ্রী বিজয় পাত্র , পিতা মৃত নিধিরাম পাত্র ,
২। শ্রী শঙ্কর পাত্র , ৩। শ্রী অসীম পাত্র ,
৪। শ্রী দীপঙ্কর পাত্র , সকলের পিতা শ্রী বিজয়পাত্র ,
৫। শ্রীমতী মায়া সরকার , স্বামী শ্রী বিরেন সরকার
সকলের জাতি হিন্দু , ১.৩, ও ৪নং পেশা ব্যবসা, ২নং পেশা চাকুরী, ৫নং পেশা গৃহস্থালী, সকলের সাকিম - জোকা, থানা ঠাকুরপুকুর, জেলা দক্ষিণ ২৪ পরগণা ।

*************************************************

1000Rs.

INDIA NON JUDICIAL

१000रु. Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हज़ार रूपये ONE THOUSAND RUPEES

বিজয় ... Sankar Patra Asim Patra Depankar Patra Maya Sarkar

।। ২ ।।

কস্য হাল ৪ নং বিধিমতে রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট স্বত্বের শালি জমি জমা সম্পূর্ণ নিদর্দায় নির্দোষ ও খাস দখলে থাকাবস্থায় শুভ বিক্রয় কোবালা দলিল পত্র মিদং কার্য্যঞ্চাগে : -

জেলা দক্ষিণ ২৪ পরগণা , এ , ডি, এস, আর, ও বেহালা, থানা সাবেক বেহালা হাল ঠাকুর পুকুর, দক্ষিণ ২৪ পরগণা জেলা কালেকটারীর ৪নং তৌজি ভুক্ত পরগণা বালিয়া , রে: সা: নং ২৪, জে:এল: নং ২১, জোকা ২ নং গ্রাম পঞ্চায়েতের অধিন মৌজা জোকা গ্রামে বিগত রিভিসন্যাল সেটেলমেণ্ট জরিপের ৩০৫ নং খতিয়ান ভুক্ত $\frac{৭৪০}{৮৪৭}$ নং দাগের ৪৬শতক জমি জমা ঠাকুর পুকুর থানার অধীন জোকা গ্রাম নিবাসী শ্রীমতী ক্ষীরোদা দাসী স্বামী মৃত শ্রীনিবাস দাস মহাশয়া তাহার নিজ স্ত্রীধন অর্থে উক্ত জমি জমা খরিদ করিয়া খাসে ভোগবতী ও দখলকারিণী থাকা অবস্থায় তাহার উক্ত খরিদা খাস দখলিয় জমি জমা বিগত রিভিসন্যাল সেটেলমেণ্ট জরিপের উক্ত

1000Rs.




১। [illegible]
২। Samkar Patra
৩। Aswini Patra
৪। Dipankar Patra
৫। Maya Sarkar

॥ ৩ ॥

খতিয়ানে তাহার নিজ নাম ষোল আনা অংশে রেকর্ডভুক্ত করাইয়া খাসে ভোগবতী ও দখলকারিণী থাকা অবস্থায় তাহার উক্ত খরিদা খাস দখলিয় জমি জমা বিগত ইংরাজী ৩০।১।৬১ তারিখে বেহালা সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ৭৩ নং ভলুমে ২১ হইতে ৩২ নং পৃষ্ঠায় লিপিবদধ ৩১৫০ নং এককেতা দানপত্র দলিল মূলে অত্র দলিলের কোবালা দাতাগণ অর্থাৎ ১ নং দাতার স্ত্রী ও ২ হইতে ৫ নং দাতাগণের মাতা ঠাকুরানী শ্রীমতী কৌশল্যা পাত্র মহাশয়ার নাম বরাবর দান করিয়া উহা হইতে চিরতরে নি:স্বত্ব ও দখলচ্যুত হয়েন ।

এমতপ্রকারে উক্ত আমাদের পূর্ব্বাধিকারী উক্ত শ্রীমতী কৌশল্যা পাত্র উপরে উল্লিখিত সম্পত্তি উপরে উল্লিখিত দানপত্র দলিল মূলে প্রাপ্ত হইয়া খাসে ভোগবতী ও দখলকারিণী থাকা অবস্থায় অত্র দলিলের ১ নং কোবালা দাতা আমাকে স্বামী ও ২ হইতে ৫ নং কোবালা দাতাগণ আমাদিগকে তিন পুত্র ও






এক কন্যা ওয়ারিশ বিদ্যমান রাখিয়া বিগত ইংরাজী ১৫।৬।১৬ তারিখে পরলোক গমন করিলে পর উক্ত কৌশল্যা পাত্র মহাশয়ার ত্যক্ত সম্পত্তি আমরা অত্র কোবালা দাতাগণ ওয়ারিশান ও উত্তরাধিকারী সূত্রে প্রাপ্ত হইয়া এযাবৎকাল খাসে এজমালিতে ভোগবান ও দখলিকার আছি।

এ ক্ষণে নানাবিধ বৈধ ও সঙ্গত কারণে অত্র কোবালা দাতাগণ আমাদের কিছু নগদ অর্থের বিশেষ প্রয়োজন হওয়ায় উক্ত আমাদের ওয়ারিশান সূত্রে প্রাপ্ত জমি জমার মধ্য হইতে অর্থাৎ ৩০৫ নং খতিয়ান ভুক্ত ৭৪০/৮৪৭ নং দাগের জমি জমা মধ্য হইতে কমবেশ ১ এক কাঠা ৪ চার ছটাক ৩৯ ঊনচল্লিশ স্কোয়ার ফিট খালি জমি যাহা অত্র দলিল সংলগ্ন নকসায় লট-এ, ও লট-বি, রূপে লাল রংয়ের সীমা রেখার দ্বারা বেষ্টিত ও চিহ্নিত করিয়া প্রদর্শিত হইয়াছে তাহা বর্তমান বাজারোচিত সর্ব্বোচ্চ বাজার দর মূল্য বেলযোক্ত ৬০,০০০, ষাট হাজার টাকা মূল্যে আমরা অত্র কোবালা দাতাগণ একত্রে একযোগে বিক্রয় করিবার ঘোষণা করিলে আপনি অত্র কোবালা গ্রহীতা উক্ত

মূল্যে উপরোক্ত ও নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্ণিত সম্পত্তি খরিদ করিবার প্রস্তাব করিলে আমরা অত্র কোবালা দাতাগণ আপনার উক্ত প্রস্তাবে সম্মত ও স্বীকৃত হইয়া ধার্য্যকৃত মূল্যের সম্পূর্ণ ৬০,০০০, ষাট হাজার টাকা নিম্নের টাকার জায় মোতাবেক অদ্য তারিখে আপনার নিকট হইতে নগদে এককালীন বুঝিয়া পাইয়া এতদ্বারা তাহার প্রাপ্তি স্বীকারে আপনার নাম বরাবর অত্র কোবালা দলিলে যথারীতি সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিয়া আপনাকে বিক্রয় করিলাম এবং বিক্রীত জমি জমা হইতে আমরা মায় পুত্র, পৌত্রাদী মায় ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম।

নিম্ন তপশীল বর্ণিত বিক্রীত সম্পত্তিতে আমাদের যে কিছু স্বত্ব স্বামীত্ব দখল, অধিকার, হক হকিয়ৎ, ছিল বা আছে তাহা অদ্য হইতে চিরতরে লোপ প্রাপ্ত হইয়া আপনাতে বর্তাইল। আপনি অদ্য হইতে উহা দান বিক্রয়, বন্ধকাদি সর্ব্বপ্রকার হস্তান্তর ও রূপান্তর করণের ক্ষমতা যুক্তে মায় পুত্র পৌত্রাদী মায় ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে পরম সুখে ভোগদখল করিতে থাকুন। ভবিষ্যতে কস্মিনকালে আমরা কিংবা আমাদের কোন ওয়ারিশান বা স্থলাভিষিক্ত গণক্রমে নিম্ন তপশীলে বর্ণিত সম্পত্তি দাবী দাওয়া বা ওজরাপত্তি করি বা কেহ করে তাহা সর্ব্বদা সর্ব্ব আদালতে বাতিল নামঞ্জুর ও অগ্রাহ্য বলিয়া গণ্য হইবে।

আমরা এতদ্বারা স্বীকার, অঙ্গিকার, প্রকাশ, প্রচার ও ঘোষণা করিতেছি যে নিম্ন তপশীলে বর্ণিত সম্পত্তি বা তাহার কোন অংশ আমরা ইতিপূর্ব্বে দান, বিক্রয়, বন্ধকাদি দ্বারা কোন প্রকার হস্তান্তর বা দায়াবদ্ধ করি নাই। উহা কোন আদালত কর্ত্তৃক ক্রোকাবদ্ধ বা নিলাম বিক্রয় হয় নাই বা উহা কাহারও জামিনের দায়ে বা কাহারও খোরপোষের দায়ে আবদ্ধ কি

১। বিশ্বনাথ পাত্র
২ Sankar Patra
৩। Asim Patra
৪ Dipankar patra
৫ Maya Sarkar

॥ ৭ ॥

অবগত হইয়া এবং তাহাতে বাধ্য থাকিয়া পণ মূল্যের সম্পূর্ণ টাকা নিম্নের টাকার জায় মোতাবেক অদ্য তারিখে আপনার নিকট হইতে নগদে এককালীন বুঝিয়া পাইয়া এতদ্বারা তাহার প্রাপ্তি স্বীকারে আপনার নাম বরাবর অত্র কোবালা দলিলে যথারীতি সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিলাম । ইতি তারিখ ইংরাজী ২০০০ সালের ৮ ই সেপ্টেম্বর , মোতাবেক বাংলা ১৪০৭ সালের ২২ শে ভাদ্র ।

তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয় : -
********************************

জেলা দক্ষিণ ২৪ পরগণা, এ , ডি, এস, আর, ও বেহালা, থানা সাবেক বেহালা হাল ঠাকুর পুকুর, দক্ষিণ ২৪ পরগণা জেলা কালেকটারীর ৪ নং তৌজি ভুক্ত পরগণা বালিয়া , রে: সা: নং ১৪, জে: এল: নং ২১ জোকা ২ নং গ্রাম পঞ্চায়েতের অধীন মৌজা জোকা গ্রামে বিগত রিভিসন্যাল সেটেলমেন্ট জরিপের ৩০৫ নং খতিয়ান ভুক্ত $\frac{৭৪০}{৮৪৭}$ সাত শত চল্লিশের বাঁটা আট শত সাতচল্লিশ নং দাগের জমি জমা মধ্যে কমবেশ ১ এক কাঠা ৪ চার ছটাক ৩৯' ঊনচল্লিশ স্কোয়ার ফিট শালি জমি যাহা অত্র দলিল সংলগ্ন নকসায় লট -এ , ও লট- বি , রূপে লাল রংয়ের সীমা রেখার দ্বারা বেষ্টিত ও চিহ্নিত করিয়া প্রদর্শিত হইয়াছে যাহা লট -এ , ভুক্ত ১৫ পনের ছটাক , এবং লট-বি , ভুক্ত ৫ পাঁচ ছটাক ৩৯'বর্গফিট একুনে কমবেশ ১ এক কাঠা ৪ চার ছটাক ৩৯' ঊনচল্লিশ স্কোয়ার ফিট শালি জমি অত্র কোবালা দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে । উহার হারাহারী মতে বার্ষিক খাজনা ১৫ পয়সা বর্তমান মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা দক্ষিণ ২৪ পরগণা কালেকটার বাহাদুর সেরেস্তায় আদায় দেয় হইতেছে ।

১) [signature] ২) Sankar Patra ৩) Ashim Patra ৪) Dipankar Patra ৫) Manga Sarkar

॥ ৮ -॥

-এ-লট ভূখণ্ড সম্পত্তির চৌহদ্দিদ : -
জমির পরিমান -১৫ ছটাক ।
*********************************

উত্তরে : -কিয়দংশ শ্রীমতী মমতা মন্ডল , এবং কিয়দংশ শ্রী শঙ্কর পাত্র দ্বয়ের সম্পত্তি ।

দক্ষিণে: -তমাল বরণ মাইতি দিগরের সম্পত্তি ।

পূর্ব্বে : - ৭৪০/৮৪৭ নং দাগের অংশ ।

পশ্চিমে - ৭৪০/৮৪৭ নং দাগের অংশ ।

-বি - লট ভূখণ্ড সম্পত্তির চৌহদ্দিদ: -
জমির পরিমান - ৫ ছটাক ৩১' বর্গফিট
************************************

উত্তরে : - ৭৪০/৮৪৭ নং দাগের অংশ ।

দক্ষিণে : - ৬' ফিট প্রশস্থ যাতায়াতের কমন প্যাসেজ ।

পূর্ব্বে : - ৭৪১ নং দাগের জমি ।

পশ্চিমে : - ৭৪০/৮৪৭ নং দাগের জমি ।

টাকার জমা : -
***************

অদ্য তারিখে নোটে ও নগদে ------ ৬০,০০০, টাকা ।

ম: ষাট হাজার টাকা নগদ বুঝিয়া পাইলাম ।

Sankar Patra

মুসাবিদাকারক : -
****************
Amitava Mazumdar.
এ্যাডভোকেট আলিপুর
জজকোর্ট , কলিকাতা-২৭।

ইসাদী : -
Rojib Mondal
P.O+Vill = Joka

টাইপ কারক : -
*************
[signature]
বেহালা এ.ডি.এস.আর. অফিস
কলিকাতা- ৩৪ ।

Parth Mondal
Vill + P.O -> Joka
Dist - 24 Pgs(S)

LAND PLAN FOR:- DR. RATHINDRA KUMAR MITRA.
AT MOUZA-JOKA. J.L. NO-21 R.S. NO-94
TOUZI NO-4. PART OF DAG NO-740/847. KHATIAN NO-305
THAKURPUKUR DIST-24 PGS(S)
AREA OF LAND = 1K-4CH-39SFT (APPX)
SHOWN IN RED ∆ SCALE 1"=20'0"

LOT A AREA = 0K-15CH-0SFT
LOT B AREA = 0K-5CH-39SFT
TOTAL AREA = 1K-4CH-39SFT

